শারীরিক প্রতিবন্ধী ব্যবসায়ীকে বেতনের টাকা তুলে দিলেন–এসিল্যান্ড

অসহায় প্রতিবন্ধী পেয়ারা ব্যবসায়ী পিন্টু মিয়া তার ব্যবসার মুলধন চুরি হওয়ায় যখন দিশেহারা, তখন নিজের বেতনের টাকা তুলে দিয়ে মানবিকতার এক বিশুদ্ধ উদাহরণ সৃষ্টি করলেন মেহেরপুর সদর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) মাজহারুল ইসলাম। শুধু এই অসহায় ব্যবসায়ীর পাশে দাঁড়ানোই নয়, চোরকে ধরতে সব ধরনের প্রচেষ্টা করারও আশ্বাস দেন তিনি।

মেহেরপুর জেলার গাংনী উপজেলার গোপালনগর গ্রামের রাস্তাপাড়া এলাকার তগাই মিয়ার ছেলে শারীরিক প্রতিবন্ধী পিন্টু মিয়া। ভিক্ষার ঝুলি নয়, জীবিকা নির্বাহ করেন ছোট্ট ব্যবসা করে। গ্রাম এলাকা থেকে পেয়ারা সংগ্রহ করে প্রায় ২৫ কিলোমিটার পথ পাড়ি দিয়ে ভ্যানযোগে বিক্রি করতে যান মেহেরপুর জেলা শহরে।

জেলা জজকোর্ট এলাকায় প্রতিদিন পেয়ারা বিক্রি করেই তার পাঁচ সদস্যের পরিবারের জীবিকা নির্বাহ করতে হয়।

গত শুক্রবার পিন্টু মিয়ার সারাদিনের পেয়ার বিক্রির পাঁচ হাজার টাকা কৌশলে চুরি করে নেই চোর। এতে দিশাহারা হয়ে পড়েন পিন্টু মিয়া। প্রতিবন্ধী ব্যবসায়ী পিন্টু মিয়ার টাকা চুরির ঘটনায় অনেকে আফসোস করলেও কেউ এগিয়ে আসেননি তার সহযোগিতায়।

আজ রবিবার বিকালে অফিস শেষে ফিরার সময় অফিসের এক সহকারীর মুখে ঘটনা শুনে ছুটে যান সদর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) মাজহারুল ইসলাম।

ঘটনা শুনে নিজের বেতনের টাকা প্রতিবন্ধী পিন্টু মিয়ার হাতে তুলে দেন তিনি। পুলিশের সহযোগিতা নিয়ে চোরকে চিহ্নিত করে আইনের আওতায় আনারও আশ্বাস দেন সরকারের এই কর্মকর্তা।

অসহায় প্রতিবন্ধী পিন্টু মিয়া জানান, আমি আমার স্ত্রী এবং তিন ছেলে নিয়ে পাঁচ জনের সংসার চলে এই ছোট্ট ব্যবসার উপর। এলাকার প্রত্যন্ত গ্রাম থেকে পেয়ারা কিনে নিজেই ভ্যান চালিয়ে শহরে

বিক্রি করতে আসি। গত শুক্রবার সারাদিনের বিক্রি করা ৫ হাজার টাকা চুরি করে নেই চোর। ব্যবসার মুলধন চুরি হওয়ায় আমি দিশেহারা হয়ে পড়েছি। গত দুইদিন এলাকা থেকে পেয়ারা বাকিতে কিনে এনে বিক্রি করছিলাম। পেট তো থেমে থাকেনা। আমার আয়ের উপর পাঁচটি মুখ চেয়ে থাকে। এসিল্যান্ডের টাকা পেয়ে খুশি পিন্টু মিয়া। এই টাকা দিয়ে আবারও ভালো করে ব্যবসা করতে পারবেন বলে জানান তিনি।

সহকারী কমিশনার (ভূমি) মাজহারুল ইসলাম বলেন, আমার অফিসের এক সহকারীর মুখে থেকে ঘটনা শুনে তার কাছে আসি। সব শুনে তার ব্যবসার জন্য বেতনের কিছু টাকা দিয়ে তার পাশে দাঁড়ানোর চেষ্টা করেছি। তিনি আরও বলেন, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার (ওসি) সাথে কথা বলে চোর সনাক্ত ও আইনের আওতায় আনার চেষ্টা করবো।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেখ কনি মিয়া বলেন, ঘটনাটি আমি শুনেছি। চোরকে সনাক্ত করে তাকে আইনের আওতায় আনা হবে।

উল্লেখ্য, সদর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) মাজহারুল ইসলাম এসিল্যান্ড হিসেবে যোগদানের পর সরকারি দায়িত্ব পালনের পাশাপাশি সামাজিক সচেতনতা বাড়ানোর কিছু গুরুত্বপূর্ণ কাজ করে যাচ্ছেন। ইতোমধ্যে মেহেরপুর শহরের পৌরসভার সামনে ওভারলোডেট লাটাহাম্বার চাকায় স্পৃষ্ট হয়ে একজন নিহত হওয়ার পরপরই স্ব উদ্যোগে শহরে এসব অবৈধ গাড়ি নিয়ন্ত্রণে অভিযান ও রাস্তার পাশে অবৈধভাবে বালির স্তুপ রেখে জনভোগান্তি সৃষ্টির জন্য অভিযান শুরু করেছেন। কিছুদিনের মধ্যেই মেহেরপুর শহরের পরিস্কার করবেন বলে জানান তিনি।

গাংনীর রামকৃষ্ণপুরে ৬ গ্রাম হেরোইনসহ মাদক ব্যবসায়ী আটক

গাংনীর রামকৃষ্ণপুরে ৬ গ্রাম হেরোইনসহ মাদক ব্যবসায়ীকে আটকে আটক করেছে ধলা পুলিশ ক্যাম্প।

আজ রবিবার বিকেলে রামকৃষ্ণপুরে ধলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ

(এসআই) সাহেব আলীর নেতৃত্বে, এ এস আই আবুল কালাম আজাদ, ও এ এস আই শামসুর রহমান, এ এস আই শ্রী অমল চন্দ্র , সঙ্গিও ফোর্সসহ অভিযান চালিয়ে তাকে আটক করা হয়।

আটককৃত হলেন মোঃ রিয়জ উদ্দিন(২৪) মোঃ মজির উদ্দিনের ছেলে।

পুলিশ জানায়, প্রকাশ্যে হেরোইন বিক্রি করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে অভিযান পরিচালনা করা হয় মজির উদ্দিনের বাড়ির পাশে। এসময় পুলিশের উপস্থিতি টের পেয়ে পালানোর চেষ্টাকালে তাকে আটক করা ও তার দেহ তল্লাশি করে ৬ গ্রাম হেরোইনসহ আটক করা হয়। এছাড়াও মোঃ রিয়জ উদ্দিন একজন চিহ্নিত মাদক ব্যবসায়ী বলে জানিয়েছে পুলিশ।

ধলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ (এসআই) সাহেব আলী জানান, মাদক বিক্রির সময় হাতে নাতে তাকে আটক করা হয়েছে। তার বিরুদ্ধে গাংনী থানাতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে আদালতে প্রেরণ করা হবে।

দামুড়হুদায় নাইটগার্ড ও পথচারীদের মাঝে কম্বল বিতরণ

দামুড়হুদায় বিভিন্ন স্থানে শীতার্ত নাইটগার্ড, পথচারী ও ভবঘুরের বেড়ানো ব্যক্তিদের মাঝে কম্বল বিতরণ করেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবীর।

আজ শনিবার রাত ১১ টার দিকে তিনি সরজমিনে গিয়ে এসব মানুষের মাঝে কলম্ব বিতরণ করেন।

মৌসুম জুড়েই চলছে চরম শীত। জেলা উপজেলা জুড়ে শীতের প্রকোপ এবার অনেক অংশে বেশি। সর্বনিম্ন তাপমাত্রার রেকর্ড রয়েছে এই চুয়াডাঙ্গা জেলায়। শীতার্ত মানুষের মাঝে গরম কম্বল বিতরণ করছেন চুয়াডাঙ্গা জেলা পুলিশও। তারই ধারাবাহিকতায় জেলা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমানের দিকনির্দেশনা ও পৃষ্ঠপোষকতায় উপজেলার

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবীর দামুড়হুদা বাজার, বাসট্যান্ড, কাঁঠালতলা বাজার ও ডুগডুগি বাজারের শীতার্ত নাইটগার্ড, পথচারী ও পাগল ভবঘুরে মানুষের মাঝে গরম কম্বল বিতরণ করেন।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার সেকেন্ড অফিসার এসআই আসাদ, এএসআই মহানন্দ সহ আরও অনেকে।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের অভিযানে ইয়াবাসহ গ্রেফতার ২

চুয়াডাঙ্গা সদর থানা পুলিশ কর্তৃক মাদক বিরোধী অভিযানে ৫৪ (চুয়ান্ন) পিস ইয়াবা ট্যাবলেট ও ০১টি মোবাইল ফোন উদ্ধার সহ দুই জনকে গ্রেফতার করা হয়েছে।

চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম-সেবা দিকনির্দেশনায় চুয়াডাঙ্গা থানা এলাকায় মাদকবিরোধী অভিযান পরিচালিত হচ্ছে। তারই ধারাবাহিকতায় চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জের নেতৃত্বে এসআই(নিঃ) মোঃ মাসুদ রানা সংগীয় অফিসার ফোর্সসহ চুয়াডাঙ্গা থানা এলাকায় মাদক বিরোধী বিশেষ অভিযানে আজ শনিবার বিকাল পাঁচটার সময় চুয়াডাঙ্গা থানাধীন আলুকদিয়া ইউনিয়নের ভালাইপুর নিকস্থ জনৈক মুক্তার মিয়ার SBM-2 ইট ভাটার প্রবেশ গেটের সামনে কাঁচা রাস্তার উপর হতে আলমডাঙ্গা থানার ভালাইপুর মাঝের পাড়ার রবিউল ইসলামের ছেলে আসামি মানিক হোসেন(২৫) ও চুয়াডাঙ্গা সদর থানার হুচুকপাড়ার তৈয়ব আলীর ছেলে আসামি মোঃ মইনুল হোসেন(২৭) কে ৫৪ (চুয়ান্ন) পিস অবৈধ মাদকদ্রব্য ইয়াবা ট্যাবলেট ও ০১টি মোবাইল ফোনসহ হাতেনাতে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে চুয়াডাঙ্গা থানায় মাদক আইনে নিয়মিত মামলা রুজু হয়।

মেহেরপুরে হজরত মুহাম্মদ (স:) নিয়ে ফেসবুকে কটুক্তি; জেল হাজতে প্রেরণ

মেহেরপুরে মহানবী হযরত মুহাম্মদ (সাঃ) কে কটুক্তি করে ফেসবুকে স্ট্যাটাস দেওয়া সাদ্দাম হোসেন ওরফে মিঠুন শাহ নামের এক যুবকের বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় মামলা দায়ের করা হয়েছে। মামলার পর পুলিশ অভিযান চালিয়ে তাকে আটক করে আদালতের মাধ্যমে মেহেরপুর কারাগারে পাঠানো হয়েছে।

সকালের দিকে গ্রেফতারের পর আজ শনিবার (৩ ফেব্রুয়ারি) মিঠুন শাহাকে আদালতে নেয়া হলে আদালতের বিজ্ঞ বিচারক তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেখ কনি মিয়া এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, গতকাল শুক্রবার সদর উপজেলার চাঁদবিল গ্রামের মিঠুর ছেলে মিঠুন শাহা তার ফেসবুকে হজরত মুহাম্মদ (স:) কে নিয়ে কটুক্তি করে একটি স্ট্যাটাস দেয়। এ ঘটনায় চাঁদবিলের মানুষজনের মধ্যে চরম উত্তেজনা দেখা দিলে পুলিশ ঘটনাস্থলে গিয়ে মিঠুন শাহকে আটক করে নিয়ে আসেন।

এ ঘটনায় চাঁদপুর গ্রামের একজন বাদি হয়ে মিঠুন শাহর নামে সদর থানায় একটি মামলা দায়ের করেন।

আজ শনিবার বিকালে তাকে আদালতে নেওয়া হলে মিঠুন শাহ আদালতে ১৪৪ ধারায় জবানবন্দী দেন। পরে আদালত তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

চুয়াডাঙ্গায় গাঁজাসহ চাষী আটক

চুয়াডাঙ্গা সদর উপজেলার বড়শলুয়া গ্রামে চিত্রা নদীর পাড় সংলগ্ন নিজ জমিতে অন্যন্য ফসলের সাথে দুইটি গাঁজা গাছসহ হাবিবুর রহমান ওরফে হাবুলকে (২৮) আটক করেছে দর্শনা থানা পুলিশ। সে চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানার বড়শলুয়া গ্রামের নজির ফকিরের ছেলে।

জানা যায়, শনিবার ৩ ফেব্রুয়ারি বিকাল সাড়ে ৩ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে অভিযান চালায় বড়শলুয়া চিত্রা নদীর ধারে হাবুলের নিজ জমিতে।

এ সময় দর্শনা থানার এস আই তারেক হাসান সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে মাদক বিরোধী অভিযান চালিয়ে তরতাজা অবৈধ মাদকদ্রব্য দুইটি গাঁজা গাছ উদ্ধার করে। সেই সাথে হাবিবুর রহমান হাবুল কে গ্রেফতার করে।গাঁজা গাছ দুইটির আনুমানিক বাজার মৃল্য ৪৪ হাজার টাকা। আগামীকাল তাকে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে সোপর্দ করা হবে।

দর্শনায় যাবজ্জীবন সাজাপ্রাপ্ত পলাতক আসামি গ্রেফতার

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার যাবজ্জীবন সাজাপ্রাপ্ত ও ২০ হাজার টাকা অর্থদণ্ডে দণ্ডিত পরোয়ানাভুক্ত আসামি রবিন মোল্লা ওরফে রবিউল ইসলামকে (৩৮) গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ।

সে দর্শনা পৌর এলাকার দক্ষিণ চাঁদপুর গ্রামের হল্ট স্টেশন পাড়ার রহমান মোল্লার ছেলে।

আজ শুক্রবার (২ ফেব্রুয়ারি) সকাল ১০টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানা পুলিশ এ অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে।

চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান (পিপিএম-সেবা) জানান, দর্শনা থানার ওসি বিপ্লব কুমার সাহার নেতৃত্বে এ এস আই বশির

আহম্মেদ গোপন সংবাদের সঙ্গীয় ফোর্সসহ দর্শনা থানাধীন দক্ষিন চাঁদপুর হল্ট স্টেশন পাড়ার এলাকায় ছদ্মবেশ ধারণ করে অভিযান পরিচালনা করে। এসময় পুলিশ ঢাকা বিমান বন্দর থানার ৬৫(০৫)২০১৬ নাম্বার মামলায় বিজ্ঞ আদালতের ৩০ জানুয়ারি ২০২৪ সালের রায়ে যাবজ্জীবন সাজাপ্রাপ্ত এবং ২০ হাজার টাকা অর্থদণ্ডে দণ্ডিত গ্রেফতারী পরোয়ানাভুক্ত আসামি রবিন মোল্লা রবিউল ইসলামকে গ্রেফতার করতে সক্ষম হয়।

দর্শনা থানার ওসি বিপ্লব কুমার সাহা গ্রেফতারকৃত ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, শুক্রবার দুপুরে তাকে চুয়াডাঙ্গা বিজ্ঞ আদালতে প্রেরণ করা হয়েছে।

আলমডাঙ্গায় মাদক সেবন ও বিক্রির অপরাধে ২জনকে কারাদণ্ড

আলমডাঙ্গার পৌর এলাকায় মাদক সেবন ও বিক্রির অপরাধে দুই নারী ও পুরুষকে তিন মাসের বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত।

আজ বৃহস্পতিবার বিকেলে এই সাজা প্রদান করেন ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও আলমডাঙ্গা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ।

চুয়াডাঙ্গা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক নাজমুল হোসেন খাঁন জানান, শহরের এরশাদপুর মকবুল মোড় নামক এলাকায় এক যুবক প্রকাশ্যে মাদক সেবন করছে। এমন তথ্যের ভিত্তিতে সেখানে অভিযান চালানো হয়।

এসময় দুই এ্যাম্পুল বুপ্রেনরফাইন ইনজেকশনসহ মিন্টু হোসেন (৩৫) নামের এক সেবনকারীকে হাতেনাতে আটক করা হয়। এছাড়া হাউসপুর এলাকায় প্রকাশ্যে ট্যাপেন্টাডল ট্যাবলেট বিক্রির সময় আয়েশা খাতুন (৩০) নামের এক মাদক ব্যবসায়ী নারীকে আটক করা হয়।

পরে পৃথক ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে মিন্টু হোসেন ও আয়েশা

খাতুনকে তিন মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করেন ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ। মাদক সেবনের দায়ে সাজাপ্রাপ্ত নারী ও যুবককে আলমডাঙ্গা থানা পুলিশের মাধ্যমে জেলহাজতে পাঠিয়ে দেওয়া হয়েছে।

আলমডাঙ্গায় ট্রাক্টর চালক ও মালিকদের উপজেলা চত্বরে অবস্থান

আলমডাঙ্গায় অবৈধ ভাবে মাটি কেটে ট্রাক্টরে বহন করে ইটভাটায় বিক্রির দায়ে দুই ট্রাক্টর মালিককে জরিমানা করার দুইদিন পর উপজেলার বেশকিছু ট্রাক্টর মালিকসহ চালকরা উপজেলা পরিষদের সামনে অবস্থান নিয়ে অবৈধ দাবী করেন।

আজ বুধবার দুপুর ৩ টার দিকে ১২/১৪ টা ট্রাক্টর চালক ও মালিকেরা ট্রাক্টর নিয়ে উপজেলা প্রাঙ্গণে অবস্থান নিয়ে ভ্রাম্যমাণ আদালতের অভিযানকালে ট্রাক্টর ভাংচুর বন্ধ ও জরিমানার বিষয়টি বিবেচনার দাবী জানান।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার বেলগাছি ইউনিয়নের কেদারনগর গ্রামে অবৈধভাবে মাটি কেটে ইটভাটায় বিক্রয়ের অভিযোগ ওঠে। এমন অভিযোগের ভিত্তিতে গত ২৯ জানুয়ারি সোমবার) বিকেলে উপজেলা সহকারী কমিশনার (ভূমি) অভিযান পরিচালনা করেন।

এসময় অবৈধভাবে মাটি কেটে ইটভাটায় বহণের অভিযোগে দুই ট্রাক্টর চালককে ১৫ হাজার টাকা করে ৩০ হাজার টাকা জরিমানা করেন।

এদিকে, গত সোমবার দুপুরে দুই ট্রাক্টরে জরিমানা করায় ক্ষিপ্ত হয়ে আজ বুধবার ওই মাটি পরিবহণে নিয়োজিত আরও কয়েকটি ট্রাক্টর ড্রাইভার ও মালিকেরা উপজেলা চত্বরে অবস্থান নেন। তারা দাবী করেন যারা প্রকৃত পক্ষে মাটি কাটছে তাদের যেনো ধরা হয়। গরীব মানুষের গাড়ি গুলো না ভাঙ্গার জন্য দাবী করেন তারা

এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার স্নিদ্ধা দাস বলেন,তাদের কে বলা হয়েছে মোবাইল কোর্ট হলে গাড়ি রেখে পালিয়ে যাওয়া, মোবাইল কোর্টকে দীর্ঘক্ষণ ওয়েট করানো। দুই তিন ঘন্টা লোক খুঁজে পাওয়া যায় না। এগুলো করা যাবে না। যদি হয় তাহলে আমরা আইনানুগ ভাবে আরও কঠোর হবো। আইনের বাইরে যাওয়ার কারো সুযোগ নেই।

দর্শনায় ভোক্তা অধিকারের অভিযান দুই প্রতিষ্টানকে জরিমানা

দর্শনায় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর অভিযান চালিয়ে দুই প্রতিষ্টানের জরিমানা আদায় করেছে।

জানাযায় বুধবার (৩১ জানুয়ারি) দুপুর সাড়ে ১২ টার দিকে দর্শনা রেল বাজারে ভোক্তা অধিকারের চুয়াডাঙ্গার সহকারি পরিচালক সজল আহমেদ অভিযান চালায় মেসার্স সাদিয়া কসমেটিকস দোকানে।

এ সময় মেসার্স সাদিয়া কসমেটিক্স এ ভেজাল পণ্য বিক্রি করার অপরাধে দোকান মালিক আনিসুজ্জামানকে ২ হাজার টাকা জরিমানা আদায় করে। পরে দর্শনা আজমপুর গ্রামস্থ মেসার্স মামা ফুড প্রোডাক্টস (চানাচুর ফ্যাক্টরিতে অভিযান চালায়। অভিযান চালিয়ে মেসার্স মামা ফুড প্রোডাক্টস/ চানাচুরের ফ্যাক্টরিতে খাদ্যের সহিত নিষিদ্ধ রং মেশানো এবং অস্বাস্থ্যকর বা নোংরা পরিবেশ থাকার কারণে ফ্যাক্টরির মালিক মোঃ মামুনুর রশিদকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৪২ ধারা মোতাবেক ২০হাজার টাকা জরিমানা করে।

এ অভিযানে দর্শনা থানা পুলিশের একটি চৌকস টিম অংশ নেয়।